

# যুগান্তর

## কামিল মাদ্রাসায় অধ্যক্ষ পদে ৩ বছরের অভিজ্ঞতা প্রশ্নে ঝুল

প্রকাশ : ০৫ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



যুগান্তর রিপোর্ট

কামিল মাদ্রাসায় অধ্যক্ষ পদে আবেদন করার ক্ষেত্রে দাখিল মাদ্রাসার অধ্যক্ষ অথবা কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ পদের ৩ বছরের অভিজ্ঞতা প্রশ্নে ঝুল জারি করেছেন হাইকোর্ট। মঙ্গলবার বিচারপতি এফআরএম নাজমুল আহাসান ও বিচারপতি কেএম কামরুল কাদেরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ ঝুল জারি করেন। ঝুলে কামিল মাদ্রাসায় অধ্যক্ষ পদে আবেদন করার ক্ষেত্রে দাখিল মাদ্রাসার অধ্যক্ষ অথবা কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ পদের ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে, এমন নীতিমালা কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চাওয়া হয়েছে। আদালতে রিট আবেদনের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট আবদুল্লাহ আল বাকী।

রাষ্ট্রপক্ষে ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল সাইফুল আলম। বৃহস্পতিবার সহকারী অ্যাটর্নি জেনারেল সাইফুল আলম আদেশের বিষয়টি সাংবাদিকদের নিশ্চিত করেন।

তিনি জানান, ২০১৮ সালের বেসরকারি শিক্ষক নীতিমালায় কামিল মাদ্রাসায় অধ্যক্ষ পদে আবেদন করার ক্ষেত্রে দাখিল মাদ্রাসার অধ্যক্ষ অথবা কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ পদের ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে এমন শর্ত উল্লেখ করে।

এর বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন তেজগাঁও কামিল মাদ্রাসার সহকারী প্রভাষক মো. নেয়ামত উল্লাহ নেয়ামত। তার আইনজীবী আবদুল্লাহ আল বাকী জানান, বেসরকারি শিক্ষক নিয়োগ নীতিমালায় এমন শর্ত মৌলিক অধিকার লজ্জন।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।